

তারিখ : 28/11/2016

**₹ 500/- টাকার এবং ₹ 1000/- টাকার ব্যাংক নোটের আইনগত পেশযোগ্যতা প্রত্যাহার: নভেম্বর 10-27,  
2016 সময়কালে ব্যাংকের কার্য বিবরণী**

নভেম্বর 8, 2016 তারিখের মধ্যরাত থেকে ₹ 500/- টাকার এবং ₹ 1000/- টাকার ব্যাংক নোটের আইনগত পেশযোগ্যতা প্রত্যাহার ঘোষিত হওয়ার দরুন ভারতীয় রিজার্ভ ব্যাংক ওই নোটগুলিকে রিজার্ভ ব্যাংক, বাণিজ্যিক ব্যাংকগুলির, আঞ্চলিক গ্রামীণ ব্যাংকগুলির এবং শহরাঞ্চলিক সমবায় ব্যাংকগুলির কাউন্টার-এ বিনিময় করার বা জমা নেওয়ার ব্যবস্থা গ্রহণ করেছিল।

ব্যাংকগুলি থেকে পাওয়া তথ্য থেকে জানা যাচ্ছে যে নভেম্বর 10, 2016 থেকে নভেম্বর 27, 2016 পর্যন্ত সময়ে এই বিনিময়/জমার মোট পরিমাণ দাঁড়িয়েছে ₹ 8,44,982 কোটি টাকা ( বিনিময়ের পরিমাণ ₹ 33,948 কোটি টাকা জমার পরিমাণ ₹ 8,11,033 কোটি টাকা )

এই তথ্য থেকে আরো জানা যাচ্ছে যে ওই সময়ে সাধারণ জনগণ তাঁদের অ্যাকাউন্ট থেকে ₹ 216617 কোটি টাকা তুলেছে কাউন্টার থেকে বা ATM-এর মাধ্যমে।

**অল্লনা কিল্লাওয়াল**

মুখ্য উপদেষ্টা (প্রিন্সিপাল অ্যাডভাইসার)

**প্রেস প্রকাশনী : 2016-2017/1349**